গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা
www.fisheries.gov.bd

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

**৩০.০৩.২০২৬ তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প ও রাজস্ব কার্যক্রমের ফেব্রুয়ারি ২০২৬ মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জিয়া হায়দার চৌধুরী<br>মহাপরিচালক (ভারপ্রাপ্ত) |
| সভার তারিখ | **৩০/০৩/২০২৬ খ্রি.** |
| সভার সময় | **সকাল ১০.০০ ঘটিকা** |
| স্থান | **সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।** |
| উপস্থিতি | **সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে প্রদর্শিত হলো।** |

সভার শুরুতে বিগত মাসিক সভার কার্যবিবরণী অনুমোদন করে দৃঢ়ীকরণ করা হয়।
সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করা হয়। সভার শুরুতেই প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ) সকলকে ঈদ পরবর্তী শুভেচ্ছা জানান এবং সভাপতিকে সূচনা বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি মৎস্য অধিদপ্তরের রাজস্ব ও প্রকল্পসমূহের কার্যক্রমের গতিশীলতা সম্পর্কে আলোচনা করেন। এছাড়া তিনি মহাপরিচালক পদে দায়িত্ব পালনের জন্য সকলের কাছে সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি সকল কর্মকর্তা-কর্মচারীকে যথাসময়ে অফিস এ উপস্থিত হওয়া এবং বিদুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। সভায় গত ১৮ মার্চ ২০২৬-এ জাটকা সংরক্ষণের নিমিত্ত ভোলার লালমোহন উপজেলায় মৎস্য অধিদপ্তর ও পুলিশের যৌথ অভিযানের সময় দুর্ঘটনায় মেঘনা নদীতে পুলিশ সদস্য ফখরুল ইসলামের নিখোঁজ এবং পরবর্তীতে মৃত্যুর ঘটনায় শোক প্রস্তাব গ্রহণ করা হয় এবং বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১.০ রাজস্ব কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত:** | | |
| ১.১ | **টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG):**<br>এসডিজি ফোকাল পয়েন্ট জানান, UNEP, পরিবেশ অধিদপ্তর এবং বন অধিদপ্তরের সমন্বয়ে ১৪.২.১ এর প্রতিবেদন প্রণয়নের অথরিটি নির্ধারণের বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে মন্ত্রীপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। অন্যান্য অধিদপ্তর এবং মৎস্য অধিদপ্তরের তথ্যসমূহ পাওয়া গিয়েছে। অথরিটি নির্ধারিত হলে সে অনুযায়ী সকল তথ্য একসাথে সন্নিবেশ করে UNEP তে প্রেরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>**সিদ্ধান্ত:** অথরিটি নির্ধারণের পর পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর এবং মৎস্য অধিদপ্তরের সমন্বয়ে ১৪.২.১ এর প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে UNEP তে প্রেরণ করতে হবে। | এসডিজি ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |

| | | |
|---|---|---|
| ১.২ | **মা ইলিশ ও জাটকা সংরক্ষণ:**<br>উপপরিচালক, ইলিশসম্পদ ব্যবস্থাপনা শাখা, সভায় জানান, জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম ২০২৫-২৬ এর অভিযান ও মোবাইল কোর্ট সংক্রান্ত প্রতিবেদন যথারীতি পাওয়া যাচ্ছে। তিনি আরো জানান, মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ বেহুন্দিসহ অন্যান্য ক্ষতিকর জাল অপসারণে বিশেষ কম্বিং অপারেশনের ৫ম ও ৬ষ্ঠ ধাপ সম্পন্ন হয়েছে। পরবর্তীতে সভায় কম্বিং অপারেশনের প্রতিবেদন উপস্থাপন করা হয়। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী ৫০৭৭টি অভিযান এবং ৬২০টি মোবাইল কোর্ট পরিচালনা করে ২২.৭৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে এবং ১২২ জনকে বিভিন্ন মেয়াদে জেল প্রদান করা হয়েছে, মামলার সংখ্যা ১৯৮টি। এছাড়া সভায় ইলিশ অভয়াশ্রমে পরিচালিত অভিযান কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। সভায় জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৬ উদযাপন এবং ভিজিএফ চাল বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সময়মত ভিজিএফ বিতরণ, জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৬ এর অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধিদের উপস্থিতি নিশ্চিত করা এবং পোস্টার/লিফলেট অনুষ্ঠানের ২দিন পূর্বেই মাঠ পর্যায়ে পৌঁছনোর বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** জাটকা সংরক্ষণ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে। জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৬ উদযাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। জাটকা সংরক্ষণ সংক্রান্ত ভিজিএফ বিতরণ সম্পন্ন করতে হবে। জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৬ উপলক্ষ্যে প্রস্তুতকৃত পোস্টার/লিফলেট অনুষ্ঠানের ২দিন পূর্বেই মাঠ পর্যায়ে পৌঁছনোর ব্যবস্থা করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (ইলিশসম্পদ ব্যবস্থাপনা) |
| ১.৩ | **প্রশিক্ষণ:**<br>উপপরিচালক (প্রশিক্ষণ) সভায় জানান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সদ্য পদোন্নতিপ্রাপ্ত ৭২ জন কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ সূচী প্রস্তুত করা হয়েছে। প্রশিক্ষণটি ৩ ধাপে কোটচাঁদপুর, ফরিদপুর এবং পার্বতীপুর এ অনুষ্ঠিত হবে। পরবর্তীতে সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সদ্য পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীদের অনুষ্ঠিতব্য প্রশিক্ষণটি যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ) |
| ১.৪ | **ওয়েবপোর্টাল:**<br>উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন) জানান, নিয়মিত ওয়েবপোর্টাল পরিদর্শন করে হালনাগাদ করা হচ্ছে এবং ওয়েবপোর্টালের তথ্যসমূহ হালনাগাদের চেকলিস্ট প্রেরণ করা হয়েছে। প্রতিবেদনাধীন ফেব্রুয়ারী ২০২৬ মাসে ১০০টি উপজেলার ওয়েবপোর্টাল যাচাই বাছাই করা হয়েছে। তন্মধ্যে চট্টগ্রাম বিভাগে ৬৫টি উপজেলার মধ্যে সঠিক আছে ৩৪টি এবং ৩১টি আংশিক ত্রুটিপূর্ণ; রাজশাহী বিভাগে ৩৫টি উপজেলার মধ্যে ২৭টি উপজেলা সঠিক রয়েছে এবং ০৮টি আংশিক ত্রুটিপূর্ণ। সভাপতি, ত্রুটিপূর্ণ ওয়েবপোর্টালের হালনাগাদ করা এবং প্রধান কার্যালয়ের ওয়েবপোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদের বিষয়ে আলোচনা করেন। পরিচালক (প্রশাসন) সভায়, বিভাগীয় এবং জেলা পর্যায়ে তাদের আওতাধীন দপ্তরসমূহের ওয়েবপোর্টাল হালনাগাদ আছে কি না তা পর্যবেক্ষণ করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** প্রতি মাসে ১০০টি অফিসের ওয়েবপোর্টালের তথ্যসমূহ হালনাগাদ আছে কিনা তা যাচাই বাছাই করে প্রতিবেদন উপস্থাপন করতে হবে। বিভাগীয় এবং জেলা পর্যায়ে তাদের আওতাধীন দপ্তরসমূহের ওয়েবপোর্টাল হালনাগাদ আছে কি না তা পর্যবেক্ষণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**পিডিএস:**<br>উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন), কর্তকর্তা-কর্মচারীদের পিডিএস হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। তিনি জানান মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের পিডিএস হালনাগাদ রয়েছে। এছাড়া ২৫/০৩/২০২৬ খ্রি. পর্যন্ত GEMS এ ৬৮৭ জন ক্যাডার কর্মকর্তার প্রাক নিবন্ধন করা হয়েছে এবং ১৯৪ জন কর্মকর্তার হালনাগাদ তথ্য অনুমোদন দেয়া হয়েছে। সভায় GEMS এ তথ্য হালনাগাদ এবং হালনাগাদকৃত তথ্যসমূহ দ্রুত অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** প্রত্যেক কর্তকর্তা-কর্মচারীদের তথ্য পিডিএস এ হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। GEMS এ কর্মকর্তাদের তথ্য হালনাগাদকরণ এবং হালনাগাদকৃত তথ্যসমূহ দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন) |
| ১.৫ | **ডি-নথি:**<br>উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন) জানান, ফেব্রুয়ারি ২০২৬ মাসে ডি-নথিতে নিষ্পত্তিকৃত নথির হার ৯৬.৮৬%। উক্ত মাসে নিষ্পত্তিকৃত নথির মধ্যে হার্ড নথিতে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা ০৬টি এবং ডি নথিতে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা ১৮৫টি। সভাপতি, হার্ড নথিতে কার্যক্রম কমিয়ে ডি-নথিতে বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন। মহাপরিচালক সভায় ডি-নথিতে শতভাগ নথি নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** ডি নথিতে নিষ্পত্তিযোগ্য সকল নথি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করতে হবে। ডি-নথি ব্যবহারে সমস্যার সম্মুখীন হলে এটুআই এর মাধ্যমে সমস্যার সমাধান করতে হবে। | উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন)/ সকল দপ্তর |

| | | |
|---|---|---|
| ১.৬ | **পূর্তকাজ:**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান, অনুমোদিত পূর্তকাজসমূহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত রাজস্ব বাজেটে "অন্যান্য ভবন ও অবকাঠামো" খাতে বরাদ্দকৃত অর্থের আওতায় মৎস্য অধিদপ্তরের অবকাঠামো নির্মাণ, মেরামত ও সংরক্ষণ কাজের নির্দেশিকা অনুসরণ পূর্বক স্বচ্ছতার সাথে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য মাঠ পর্যায়ে তাগিদ দেওয়া হচ্ছে। তিনি আরো জানান, মাঠ পর্যায়ে অনুমোদিত ৮৭টি কাজের মধ্যে ০৫টি কাজের বিল প্রদান করা হয়েছে এবং ০৪টি কাজের বিল প্রদানের জন্য মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাজেট ও অর্থ শাখাকে গত ০৫/০৩/২০২৬ তারিখে ইউ-নোট প্রদান করা হয়েছে। সভায় পূর্তকাজসমূহের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সভাপতি সকল পূর্তকাজ গুণগতমান বজায় রেখে আগামী ১ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** অনুমোদিত পূর্তকাজসমূহ সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণ করে স্বচ্ছতার সাথে গুণগতমান বজায় রেখে আগামী ১ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| ১.৭ | **জেলে নিবন্ধন:**<br>উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ) সভায় জানান, ৮টি বিভাগ হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী ফেব্রুয়ারি/২৬ মাসে মোট নতুন নিবন্ধিত জেলের সংখ্যা ২৭৭৩ জন এবং বাতিলকৃত জেলের সংখ্যা মোট ১২৬৭ জন। প্রতিবেদন অনুযায়ী দেশে সর্বমোট বর্তমান নিবন্ধিত জেলের সংখ্যা ১৮০১৯৮৪ জন। তিনি জানান, বাতিলকৃত ১২৬৭ জনের মধ্যে মৃত্যুজনীত কারণে ১০২৪ জন এবং পেশা পরিবর্তনজনিত কারণে ২৪৩ জন বাতিল হয়েছে। এছাড়া তিনি, বাতিলকৃত জেলেদের তালিকা উপজেলা যাছাই বাছাই কমিটির সিদ্ধান্তসহ প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন। সভাপতি, অপ্রকৃত জেলে বাতিলের নিমিত্ত ইউনিয়ন পর্যায়ে জেলে তালিকা হালনাগাদকরণ বিষয়ক সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** সারাদেশের জেলে তালিকা যাচাই-বাছাই করে হালনাগাদ কার্যক্রম চলমান রাখতে হবে। অপ্রকৃত জেলে বাতিলের নিমিত্ত ইউনিয়ন পর্যায়ে জেলে তালিকা হালনাগাদকরণ বিষয়ক সভা আয়োজন করে জেলে তালিকা হালনাগাদের সুনির্দিষ্ট সভায় উপস্থাপন করতে হবে। বাতিলকৃত জেলেদের তালিকা উপজেলা যাছাই বাছাই কমিটির সিদ্ধান্তসহ নির্দিষ্ট ফরম্যাটে প্রেরণ করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (মৎস্য সম্পদ সংরক্ষণ) |
| ১.৮ | **হাওর:**<br>উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ) সভায় জানান, প্রতিবেদনাধীন মাসে হাওর অঞ্চলে মৎস্য সংরক্ষণ আইনের আওতায় ৮১টি অভিযান ও ১৬টি মোবাইল কোর্ট পরিচালনা করে ১৭৩৮০ মিটার দৈর্ঘ্যের ১১৭টি নিষিদ্ধ জাল আটক করা হয়েছে। এছাড়া ০.২৭ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। সভাপতি হাওর অঞ্চলে মৎস্যসম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন জোরদার করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** হাওর অঞ্চলে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন জোরদার করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (ময়মনসিংহ/ঢাকা/সিলেট/ চট্টগ্রাম)/ উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ) |
| ১.৯ | **পরিদর্শন:**<br>উপপরিচালক, ফিল্ড সার্ভিস শাখা, সভায় জানান, অফিস পরিদর্শন প্রতিবেদনের ছকের কপি মহাপরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি জানান, ফেব্রুয়ারি ২০২৬ মাসে ১০টি জেলা মৎস্য অফিস, ৩৫টি উপজেলা মৎস্য অফিস এবং ২১টি প্রকল্প কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। সভাপতি, অফিস পরিদর্শন বৃদ্ধি করা এবং পরবর্তী সভায় বিভাগওয়ারী প্রতিবেদন উপস্থাপনের বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** মৎস্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রম ও অফিস পরিদর্শন বৃদ্ধি করতে হবে এবং সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন মহাপরিচালক এবং সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে। পরিদর্শনের বিভাগওয়ারী প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (ফিল্ড সার্ভিস) |
| ১.১০ | **অডিট:**<br>উপপরিচালক (অডিট) সভায় জানান, অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনসহ ব্রডশিট জবাব ও পুন:জবাব কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। ৩টি দ্বি-পক্ষীয় সভা ও ৩টি ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরে ইতোমধ্যে কার্যপত্র প্রেরণ করা হয়েছে। সভা অনুষ্ঠানের জন্য তাদের সঙ্গে অব্যাহত যোগাযোগ রয়েছে।<br>ফেব্রুয়ারি/২০২৬ মাসের অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ<br>অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা: ৭৩০টি (SFI: ১২৯টি, Non-SFI: ৫৯৩টি এবং DP: ০৮টি)<br>নিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা: ৪৮টি (SFI: ২২টি, Non-SFI: ২৬টি)<br>ব্রডশিট জবাব প্রেরণের সংখ্যা: ৩৩টি (SFI: ৩০টি এবং Non-SFI: ৩টি)<br>দ্বি-পক্ষীয় সভার সংখ্যা: ০১টি (ক্রমপুঞ্জিত ০৩টি)<br>অডিট বিষয়ক দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ: ০ (ক্রমপুঞ্জিত ১টি)<br><br>**সিদ্ধান্ত:** অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ব্রডশীট জবাব প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা আহবানের ব্যবস্থা করতে হবে। | পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (অডিট)/ সকল দপ্তর |

| | | |
|---|---|---|
| ১.১১ | **ক্ষুদ্রঋণ:**<br>উপপরিচালক (বাজেট ও অর্থ) সভায় জানান, বর্তমানে ক্রমপুঞ্জিত ঋণগ্রহীতার সংখ্যা ২৪৮৩৭ জন, ক্রমপুঞ্জিত প্রদত্ত ঋণ/চলমান ঋণ ২১.৬৬১৮ কোটি টাকা, ক্রমপুঞ্জিত আদায় ১৩.৭৮৮৩ কোটি টাকা, আদায়ের হার ৬৪% এবং সর্বশেষ ব্যাংক স্থিতি ২৪.৫৯৭৩ কোটি টাকা। তিনি আরো জানান, ফেব্রুয়ারি ২০২৬ মাসে বরিশাল ব্যতীত ৭টি বিভাগে সর্বমোট ১১.৮৬ লক্ষ টাকা আদায় হয়েছে এবং ঢাকা বিভাগে ৪.০ লক্ষ টাকা, চট্টগ্রাম বিভাগে ১.০০ লক্ষ টাকা, রাজশাহী বিভাগে ৪.৫০ লক্ষ টাকা, খুলনা বিভাগে ১.৫০ লক্ষ টাকা এবং বরিশাল বিভাগে ০.৩০ লক্ষ টাকাসহ সর্বমোট ১১.৩০ লক্ষ টাকা নতুন ঋণ বিতরণ করা হয়েছে। সভাপতি নতুন ঋণ বিতরণ করায় ৫টি বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জানান। সভাপতি, কর্মপরিকল্পনা প্রণয়ন করে নতুন ঋণ বিতরণ এবং পূর্বের ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধির জন্য সচেষ্ট হওয়ার নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** কর্মপরিকল্পনা প্রণয়ন করে নতুন ঋণ বিতরণ এবং পূর্বের ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (বাজেট ও অর্থ) |
| ১.১২ | **জরিপ:**<br>উপপরিচালক (মৎস্যসম্পদ জরিপ) জানান, Yearbook of Fisheries Statistics of Bangladesh, 2024-25 এর প্রণয়নকৃত খসড়ার রিভিউ সম্পন্ন হয়েছে এবং বর্তমানে ফাইল মাননীয় মন্ত্রীর নিকট রয়েছে। অনুমোদন হলে প্রেস এ পাঠানো হবে। পরবর্তীতে সভায় ২০২৫-২৬ এর সংকলন প্রকাশের জন্য বিবিএস হতে NoC প্রাপ্তির বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** Yearbook of Fisheries Statistics of Bangladesh, 2024-25 এর প্রণয়নকৃত খসড়া অনুমোদনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অনুমোদনের পর তা দ্রুত প্রকাশের ব্যবস্থা করতে হবে। ২০২৫-২৬ এর সংকলন প্রকাশের জন্য বিবিএস হতে NoC প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (মৎস্যসম্পদ জরিপ) |
| ১.১৩ | **সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম:**<br>পরিচালক (সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম) সভায় জানান, ফেব্রুয়ারি ২০২৬ মাসে ৯টি অভিযান পরিচালনা করে ৩টি ট্রলডোর অপসারণ করা হয়েছে। পরিচালক (ব্লু-ইকোনমি) জানান, ২০২৬ সালের মধ্যে তালিকাভুক্ত মোট আর্টিসানাল মৎস্য নৌযানের অনুমতি পত্র (Letter of Permission) প্রদানের লক্ষ্যমাত্রা ৭০ শতাংশ অর্জন করতে হবে। এছাড়া তিনি, ৫৮ দিন সমূদ্রে মাছ ধরা বন্ধ রাখার বিষয়ে এবং উক্ত নিষিদ্ধকালীন সময়ে জেলেদের ভিজিএফ সহায়তা হিসেবে বরাদ্দকৃত চাল যথাসময়ে বিতরণে ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় পরিচালকগণকে অনুরোধ করেন। সভায় এ বিষয়ে বিভাগীয় পরিচালকগণ বিস্তারিত আলোচনা করেন। সভাপতি, সামুদ্রিক সেক্টরকে মৎস্য অধিদপ্তরের নন-ট্যাক্স রাজস্ব আদায়ের অন্যতম প্রধান উৎস হিসেবে উল্লেখ করে তা আদায় বৃদ্ধিতে তৎপরতা বাড়ানোর জন্য নির্দেশনা প্রদান করেন।<br>সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম কতৃর্ক ২০২৫-২৬ অর্থবছরে ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত রাজস্ব আদায় নিম্নরূপ:<br>ক) বাণিজ্যিক মৎস্য নৌযানের লাইসেন্স সংক্রান্ত সর্বমোট আয় ১,৭১,৫৯,১০০ টাকা।<br>i. বাণিজ্যিক মৎস্য নৌযানের লাইসেন্স ইস্যু/ নবায়ন ফি বাবদ ১৮,৫০,০০০ টাকা।<br>ii. ২১৮৭টি লাইসেন্সকৃত মৎস্য নৌযানের অনুমতিপত্র (এসপি) বাবদ ৫৮,৮৭,০০০ টাকা।<br>iii. ২,৪১৩টি লাইসেন্সকৃত ও ট্রায়াল মৎস্য নৌযানের মৎস্য আহরণ ফি বাবদ ৯৩,০৭,১০০ টাকা।<br>iv. ৪টি মৎস্য নৌযানের মালিকানা/ নাম পরিবর্তন বাবদ রাজস্ব আয় ১,০০,০০০ টাকা।<br>খ)<br>i) ১৮টি বাণিজ্যিক মৎস্য নৌযানের বিরুদ্ধে জরিমানা বাবদ ১৫,০০,০০০ টাকা।<br>ii) ৯টি যান্ত্রিক মৎস্য নৌযান/আর্টিসানাল মৎস্য নৌযান এর বিরুদ্দে জরিমানা বাবদ ২৩,৮৫,৪৩০ টাকা।<br>সর্বমোট রাজস্ব আদায়ের পরিমাণ: ৩,৫২,৯৮,০৩০ টাকা।<br><br>**সিদ্ধান্ত:** উপকূলীয় জেলার আর্টিসানাল মৎস্য নৌযানে ট্রলডোর (Trawl door) অপসারণে অভিযান ত্বরান্বিত করতে হবে। তালিকাভুক্ত মোট আর্টিসানাল মৎস্য নৌযানের অনুমতি পত্র (Letter of Permission) প্রদানের লক্ষ্যমাত্রা ২০২৬ সালের মধ্যে ৭০ শতাংশ অর্জনের জন্য প্রচেষ্টা চলমান রাখতে হবে। রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা পূরণে সামুদ্রিক মৎস্য দপ্তরের পরিদর্শকদের সচেষ্ট ভূমিকা পালন করতে হবে। | পরিচালক (ব্লু-ইকোনমি)/ পরিচালক (সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (বরিশাল/ খুলনা/চট্টগ্রাম) |

| | | |
|---|---|---|
| ১.১৪ | **সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম:**<br>পরিচালক, (সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম) সভায় জানান যে, গবেষণা ও জরিপ জাহাজ "আর ভি মীন সন্ধানী" টিওএন্ডই ভুক্ত করার জন্য অনুমোদন পাওয়া না যাওয়ায় রাজস্ব খাতে কোড খোলার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়নি। তিনি আরো জানান, গবেষণা ও জরিপ জাহাজ "আর ভি মীন সন্ধানী" পরিচালনা ও সামুদ্রিক মৎস্য অবতরণ কেন্দ্র ভিত্তিক ডাটা সংগ্রহ কার্যক্রম চলমান রাখার জন্য "সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপ এবং মজুদ নিরূপণ জোরদারকরণ প্রকল্প" এর প্রণয়নকৃত ডিপিপির ওপর মন্ত্রণালয়ে অনুষ্ঠিত যাচাই সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে পূণর্গঠিত ডিপিপি এবং জনবলের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে সভায় FAO এর সহযোগিতায় ক্রুজ পরিচালনাসহ ল্যান্ড বেজড ক্যাচ এন্ড ইফোর্ট সার্ভে অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** জরিপ জাহাজ "আর. ভি. মীন সন্ধানী" এর মাধ্যমে নিয়মিত ক্রুজ পরিচালনাসহ ল্যান্ড বেজড ক্যাচ এন্ড ইফোর্ট সার্ভে অব্যাহত রাখার জন্য "সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপ এবং মজুদ নিরূপণ জোরদারকরণ প্রকল্প" দ্রুততম সময়ের মধ্যে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রকল্পটির জনবল সভা আয়োজনের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। FAO এর সহযোগিতায় ক্রুজ পরিচালনাসহ ল্যান্ড বেজড ক্যাচ এন্ড ইফোর্ট সার্ভে পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/পরিচালক (সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম)/ সংশ্লিষ্ট দপ্তর |
| ১.১৫ | **মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা:**<br>পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা সভায় জানান,অনুমোদিত কর্মপরিকল্পনা এবং প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সকল প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে। বর্তমানে বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় মডিউল ফরমুলেশন কর্মশালা চলমান রয়েছে। এছাড়া তিনি জানান, পিপিআর-২০২৫ এবং ই-জিপি বিষয়ে জেলা মৎস্য কর্মকর্তাদের এবং খামার ব্যবস্থাপকদের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। তিনি সভায় একাডেমি তে চলমান পূর্তকাজসমূহের অগ্রগতি উপস্থাপন করেন এবং বেশিরভাগ কাজই সম্পন্ন হয়েছে মর্মে জানান। পরবর্তীতে সভায় এন্ট্রি লেভেলের কর্মকর্তাদের আগামী ৮ এপ্রিল হতে ৪০দিনের মৌলিক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** এন্ট্রি লেভেলের কর্মকর্তাদের আগামী ৮ এপ্রিল হতে ৪০ দিনের মৌলিক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার)/ পরিচালক (বাজেট ও অর্থ)/ উপপরিচালক (প্রশিক্ষণ) |
| ১.১৬ | **মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর:**<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) সভায় জানান, আগামী অক্টোবর ২০২৬ এ DG-Sante হতে অডিট কার্যক্রম পরিচালনার জন্য টিম আসবে। সে লক্ষ্যে প্রস্তুতি চলমান রয়েছে এবং মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের দপ্তরসমূহের শূন্যপদসমূহ দ্রুত পূরণের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে তিনি মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তরের উপপরিচালকগণকে স্ব স্ব দপ্তরের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। উপপরিচালকগণ তাদের দপ্তরের আমদানী-রপ্তানী সংক্রান্ত অগ্রগতি এবং DG-Sante এর অডিট কার্যক্রমের প্রস্তুতি সম্পর্কে সভায় আলোচনা করেন। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) সভায় জানান, চলতি অর্থবছরে এখন পর্যন্ত মৎস্য ও মৎস্যপণ্য খাত হতে প্রায় ৪২৮৮.০০ কোটি টাকা বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে এবং অর্থবছর শেষে তা গতবছরের আয় কে ছাড়িয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন।<br><br>**সিদ্ধান্ত:** মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের দপ্তরসমূহের শূন্যপদসমূহ দ্রুত পূরণ করতে হবে। মৎস্যপণ্য খাত হতে রপ্তানী আয় বৃদ্ধির জন্য সচেষ্ট ভুমিকা পালন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ)/ উপপরিচালক (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/খুলনা/চট্টগ্রাম) |
| ১.১৭ | **কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরিসমূহ:**<br>কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, চট্টগ্রাম সভায় জানান, Internal audit সম্পন্ন হয়েছে এবং DG-Sante এর অডিট কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এছাড়া তিনি ICP-OES ক্রয়ের বিষয়ে এবং সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট হতে সরবরাহকৃত রিএজেন্ট গ্রহণ ও ব্যবহার বিষয়ে আলোচনা করেন। কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, ঢাকা জানান, চলতি মাসে ৯টি টেন্ডার ই-জিপিতে লাইভে আছে। এছাড়া কেমিক্যাল ও রিএজেন্ট এর চাহিদা প্রেরণ করা হয়েছে। কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, খুলনা জানান, দীর্ঘ ছয় বছর পর খুলনা ল্যাবে হেভী মেটাল পরীক্ষা করা শুরু হয়েছে। মিশনের অডিট বিষয়ে প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) সভায়, Internal audit বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট হতে সরবরাহকৃত কেমিক্যাল ও রিএজেন্টসমূহ যথাযথভাবে ব্যবহার করতে হবে। ই-জিপিতে চলমান ক্রয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ)/ কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার (কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, ঢাকা/খুলনা/চট্টগ্রাম) |

| | | |
|---|---|---|
| ১.১৮ | **মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহ এবং মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর:**<br>সভায় প্রিন্সিপাল, মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট, চাঁদপুর মৎস্য অধিদপ্তরের বিদ্যমান নিয়োগবিধি সংশোধন করে ডিপ্লোমা গ্রাজুয়েটদের সুযোগ প্রদানের বিষয়ে আলোচনা করেন। এছাড়া তিনি কারিগরি শিক্ষা বোর্ডে অনুষ্ঠিত সভায় উপস্থাপনকৃত প্রস্তাবনা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ভর্তি শুরুর পূর্বেই অনুরোধ পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করেন। এছাড়া সভায় শ্রমিক মজুরি এবং আউটসোর্সিং খাতে বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। প্রিন্সিপাল, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর সভায় জানান, চলতি অর্থবছরে ইনস্টিটিউট এ মাত্র ছয় ব্যাচ প্রশিক্ষণ বরাদ্দ রয়েছে। তিনি সক্ষমতা অনুযায়ী তা বৃদ্ধির জন্য অনুরোধ করেন।<br><br>**সিদ্ধান্ত:** কারিগরি শিক্ষা বোর্ডের পরামর্শ অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ভর্তি শুরুর পূর্বেই অনুরোধ পত্র প্রেরণ করতে হবে। মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর এ প্রশিক্ষণ খাতে বরাদ্দ থাকা সাপেক্ষে অতিরিক্ত বরাদ্দ প্রদান করার ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ প্রিন্সিপাল (মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহ)/ প্রিন্সিপাল (মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর) |
| ১.১৯ | **বাঁওড়:**<br>সভায় বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প এর দপ্তরসহ বাঁওড় ব্যবস্থাপকদের দপ্তরসমূহের অবকাঠামো এবং বাঁওড় এর মৎস্য সম্পদের উন্নয়নের নিমিত্ত প্রকল্প প্রণয়ন বিষয়ে আলোচনা করা হয়। এসময় উপরিচালক (পরিকল্পনা) জানান, যাচাই সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন করে জনবল সভার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রকল্প পরিচালক (বাঁওড়) সভায়, বাঁওড় ব্যবস্থাপকদের অরক্ষিত কার্যালয় মেরামত, অতিথি ভবন মেরামত এবং উৎপাদন কর্মপরিকল্পনা বাস্তবতার নিরিখে নির্ধারণ করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** উৎপাদন কর্মপরিকল্পনা বাস্তবতার নিরিখে নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক (বাঁওড়)/ সংশ্লিষ্ট দপ্তর |
| ১.২০ | **মৎস্যবীজ উৎপাদন খামার ও হ্যাচারি কমপ্লেক্সসমূহ:**<br>সভায় অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। উপপরিচালক (মৎস্যচাষ) সভায় জানান, এখন পর্যন্ত অনুমোদিত কর্মপরিকল্পনার ১৮ শতাংশ অর্জিত হয়েছে। এছাড়া তিনি যে সকল খামারে 'বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)' প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং শেষ হয়নি সে সকল খামারের বার্ষিক উৎপাদন কর্মপরিকল্পনা সংশোধনের বিষয়ে আলোচনা করা হয়। পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য) সভায়, মৎস্যচাষ শাখার সাথে সমন্বয়পূর্বক একই খামারে দীর্ঘদিন চাকরিরত খামার ব্যবস্থাপকদের অন্যত্র বদলি করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** চলতি ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মৎস্যচাষ শাখার সাথে সমন্বয়পূর্বক একই খামারে দীর্ঘদিন চাকরিরত খামার ব্যবস্থাপকদের অন্যত্র বদলি করার ব্যবস্থা করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (মৎস্যচাষ)/ সংশ্লিষ্ট দপ্তর |
| ১.২১ | **মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর:**<br>সভায় চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে আলোচনা করা হয়। উপপরিচালক, মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর জানান, ডিপটিউবওয়েল স্থাপনে বরাদ্দ প্রদান করা হয়েছে। তিনি জানান খামার প্রকল্পের আওতায় চলমান ২০টি পুকুরের পুনঃখনন কাজের মধ্যে এখনো ৫টি পুকুরের কাজ সম্পন্ন হয়নি। এছাড়া তিনি খামারে বিদ্যমান অতিরিক্ত ব্রুড মাছ বিক্রির বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। চলমান পূর্তকাজসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। খামারে বিদ্যমান অতিরিক্ত ব্রুড মাছ বিক্রির বিষয়ে বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ উপপরিচালক (মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর) |
| ১.২২ | **চিংড়ি শাখা:**<br>উপপরিচালক (চিংড়ি) এর প্রতিনিধি সভায়, কক্সবাজারের খুরুসখুল এলাকায় চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজারের অফিস স্থাপনের জন্য ২০ একর জায়গা বরাদ্দের বিষয়ে অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। এছাড়া সভায় ২০ একর জায়গা বরাদ্দের বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ের সভার নীতিগত সিদ্ধান্ত অনুযায়ী এ লক্ষ্যে গঠিত কমিটিকে দ্রুত নির্ধারিত জায়গা পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** কক্সবাজারের খুরুসখুল এলাকায় চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজারের অফিস স্থাপনের জন্য ২০ একর জায়গা বরাদ্দের বিষয়ে গঠিত কমিটিকে দ্রুত নির্ধারিত জায়গা পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (চিংড়ি) |
| ১.২৩ | **চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজার:**<br>উপপরিচালক (চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজার) সভায় জানান, ৪৮ একর প্রদর্শনী পুকুর মৎস্য অধিদপ্তরের অনুকূলে হস্তান্তর হয়েছে। এছাড়া সভায় হস্তান্তরিত জায়গার মিউটেশন, পুলিশ ফাঁড়ি স্থাপন এবং জনবল পদায়নের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** মৎস্য অধিদপ্তরের অনুকূলে হস্তান্তরিত জায়গার মিউটেশন প্রক্রিয়া দ্রুত সম্পন্নের ব্যবস্থা করতে হবে। | উপপরিচালক (চিংড়ি)/ উপপরিচালক (চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজার)/ সংশ্লিষ্ট দপ্তর |

| | | |
|---|---|---|
| ২.০ | **আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের আলোচনা ও সিদ্ধান্ত**<br>উপপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা সভায় জানান, চলতি ২০২৫-২৬ অর্থ-বছরে আরএডিপি'তে বরাদ্দ ৪২৮৬৬.০০ লক্ষ টাকা এবং এর মধ্যে জিওবি ১৯৯৫৪.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২২৯১২.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ মাস পর্যন্ত মোট ব্যয় ২০৫০৪.৫৩ লক্ষ টাকা (জিওবি ৭৫৯৮.৮৪ ও প্রকল্প সাহায্য ১২৯০৫.৬৯)। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৪৭.৮৩%, বিগত বছরের একই সময়ে অগ্রগতি ২৪.৮৩%। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক (সকল) |
| ২.১ | **গভীর সমুদ্রে টুনা ও সমজাতীয় পেলাজিক মাছ আহরণে পাইলট প্রকল্প (২য় সংশোধিত) (জুলাই ২০২০ হতে জুন ২০২৭):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৬৮.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ৩৩.০২ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৪৮.৫৬ এবং বাস্তব অগ্রগতি ৪৮.৫৬%।<br><br>প্রকল্প পরিচালক জানান, বাংলাদেশে টেকসই ও অর্থনৈতিকভাবে কার্যকর টুনা ফিশিং শিল্প বিকাশের জন্য সমীক্ষা এবং মাস্টার প্ল্যান প্রণয়ন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে প্রাপ্ত প্রস্তাবসমূহের মূল্যায়ন প্রতিবেদনের আলোকে ০৪টি প্রতিষ্ঠানের অনুকূলে গত ১৬/০২/২৬ তারিখে RFP ইস্যু করা হয়েছে এবং তা আগামী ৩১ মার্চ ২০২৬ তারিখে প্রাপ্ত প্রস্তাবসমূহ উন্মুক্ত করা হবে। সভায়, ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে কর্মপরিকল্পনা অনুযাযী কার্যক্রম গ্রহণ করা বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ইস্যুকৃত RFP (Request For Proposal) এর ভিত্তিতে প্রাপ্ত প্রস্তাবনাসমূহ যথাযথভাবে মূল্যায়ন করে পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রুজ কার্যক্রম নির্ধারিত সময়ে শুরু করার জন্য সচেষ্ট থাকতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |
| ২.২ | **ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় সংশোধিত) (জুলাই ২০২০ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৫২৪৮.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ২১২৫.৯৬ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৪০.৫১% এবং বাস্তব অগ্রগতি ৪০.৫১%।<br><br>প্রকল্প পরিচালক জানান, ইলিশ অভয়াশ্রমভুক্ত এলাকায় জেলেদের খাদ্য সামগ্রী বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে সংশ্লিষ্ট উপজেলাসমূহে ৪০০০০ সুফলভোগীর তালিকা চূড়ান্ত করা হয়েছে এবং এপ্রিল মাসের ৪ তারিখ হতে তা বিতরণ করা শুরু হবে। এছাড়া তিনি জানান, প্রকল্পে সংস্থানকৃত কম্বিং অপারেশনের ৫ম ও ৬ষ্ঠ ধাপ সম্পন্ন হয়েছে। সভায় সকল কার্যক্রম যথাযথভাবে এবং আরএডিপির শতভাগ অর্জনের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ইলিশ অভয়াশ্রমভূক্ত এলাকার ৪০০০০ জেলেকে খাদ্য সহায়তা সামগ্রী বিতরণ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। আরএডিপির শতভাগ অর্জন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |
| ২.৩ | **দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (জুলাই ২০২০ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৪৪২৫.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ২৭৭৫.২২ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৬২.৭২% এবং বাস্তব অগ্রগতি ৬৩।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পটি ২০২৫-২৬ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত। ইতোমধ্যে ৬২ শতাংশ কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়া বাজেট বাস্তবায়ন নীতিমালা অনুসারে ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম ও ২য় ত্রৈমাসিকের কাজ সম্পন্ন হয়েছে এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় ত্রৈমাসিকের কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা হচ্ছে। সভায় মৎস্য বীজ উৎপাদন খামার গোপালগঞ্জ এর অফিস ভবন নির্মাণ এবং অভয়াশ্রম মেরামত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** প্রকল্প সমাপ্তির পূর্বেই মৎস্য বীজ উৎপাদন খামার গোপালগঞ্জ এর অফিস ভবন নির্মাণসহ অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। আরএডিপির শতভাগ বাস্তবায়ন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ২.৪ | **ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (১ম সংশোধিত) (মৎস্য অধিদপ্তর অংশ) (অক্টোবর ২০২১ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৩১২০.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ১০৭৪.১৬ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৩৪.৪৩% এবং বাস্তব অগ্রগতি ৪১%।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় ৮টি বাজার উন্নয়নের নিমিত্ত টেন্ডার (ই-জিপি) মূল্যায়ন সম্পন্ন করে NOA প্রদান করা হয়েছে। খুব দ্রুত বাজার উন্নয়নের কাজ শুরু করা হবে এবং যথাযথভাবে তা সম্পন্ন হবে। এছাড়া প্রকল্পের ২য় সংশোধনের নিমিত্ত সংশোধিত ডিপিপি প্রেরণ করা হয়েছে। সভায় আরএডিপি শতভাগ অর্জন নিয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** আরএডিপি শতভাগ অর্জন করতে হবে। প্রকল্পের ২য় সংশোধনী অনুমোদন সাপেক্ষে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |
| ২.৫ | **নিমগাছী সমাজভিত্তিক মৎস্যসম্পদ ব্যবস্থাপনা প্রকল্প (জুলাই ২০২৩ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ১০০৩.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ পযর্ন্ত ব্যয় ৪৪৬.৫০ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৪৪.৫২% এবং বাস্তব অগ্রগতি ৪৫%।<br><br>প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন কার্যক্রম অব্যাহত রয়েছে। সমিতি নিবন্ধন কার্যক্রম শতভাগ সম্পন্ন করতে প্রচেষ্টা চলমান রয়েছে। এছাড়া মৎস্য অধিদপ্তরের অনুকূলে ভূমি মন্ত্রণালয় হতে হস্তান্তরিত পুকুরসমূহের হস্তান্তরের মেয়াদ বৃদ্ধির জন্য ইতোমধ্যে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি সভায় প্রকল্পের মেয়াদ ব্যয়বৃদ্ধিসহ ১ বছর মেয়াদ বাড়ানোর বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। মৎস্য অধিদপ্তরের অনুকূলে ভূমি মন্ত্রণালয় হতে হস্তান্তরিত পুকুরসমূহের হস্তান্তরের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। প্রকল্পের মেয়াদ ব্যয়বৃদ্ধিসহ ১ বছর বাড়ানোর জন্য পিআইসি ও পিএসসি সভা আয়োজন করে সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (বিভাগীয় মৎস্য দপ্তর, রাজশাহী)/ প্রকল্প পরিচালক |
| ২.৬ | **হালদা নদীর প্রাকৃতিক মৎস্য প্রজননক্ষেত্র উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় পর্যায়) (সেপ্টেম্বর ২০২৩ হতে জুন ২০২৭):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ১২০০.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ৪৬৯.৯৬ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৩৯.১৬ এবং বাস্তব অগ্রগতি ৪০।<br><br>প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ম্যুরাল নির্মাণের পরিবর্তে মন্ত্রণালয়ের গঠিত কারিগরি কমিটির সুপারিশকৃত কার্যক্রম অন্তর্ভুক্তকরণে প্রাক্কলন প্রণয়নসহ সংশোধিত ডিপিপি প্রস্তাব প্রণয়নের কাজ চলমান আছে। এছাড়া হ্যাচারী মেরামত কার্যক্রম চলমান রয়েছে এবং ব্রিডিং সিজনের পূর্বেই সম্পন্ন হবে। সভায় হ্যাচরীসমূহ যেন ব্রিডিং সিজনে ব্যবহার করা যায় এবং হালদা নদীর দূষণ প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** আরএডিপির শতভাগ অর্জন করতে হবে। ম্যুরাল নির্মাণের পরিবর্তে মন্ত্রণালয়ের গঠিত কারিগরি কমিটির সুপারিশকৃত কার্যক্রম অন্তর্ভুক্তকরণে প্রাক্কলন প্রণয়নসহ সংশোধিত ডিপিপি প্রস্তাব প্রণয়ন দ্রুত সম্পন্ন করতে হবে। মেরামতকৃত হ্যাচরীসমূহ যেন ব্রিডিং সিজনে ব্যবহার করা যায় সে ব্যবস্থা করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (বিভাগীয় মৎস্য দপ্তর, চট্টগ্রাম)/ প্রকল্প পরিচালক |
| ২.৭ | **বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (জুলাই ২০২৪ হতে জুন ২০২৮):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৪৭৯৯.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ৩৯৬.৭০ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৮.২৭% এবং বাস্তব অগ্রগতি ৪৩.৫০%।<br><br>প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সকল পূর্তকাজ নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নাধীন রয়েছে এবং হ্যাচারী ইউনিটের সংস্কার কাজ প্রজনন মৌসুমের পূর্বেই সম্পন্ন করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উপপরিচালক (বাস্তবায়ন) কে আহ্বায়ক করে একজন ইঞ্জিনিয়ারসহ ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। সভায় আরএডিপি শতভাগ বাস্তবায়ন, সংশোধিত ডিপিপি যথাসময়ে প্রেরণ ও অনুমোদন এবং মৎস্যবীজ উৎপাদন খামার, গল্লামারী, খুলনার বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ শুরু করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** আরএডিপির শতভাগ বাস্তবায়ন করতে হবে। সকল পূর্তকাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। সংশোধিত ডিপিপি যথাসময়ে প্রেরণ ও অনুমোদনের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। মৎস্যবীজ উৎপাদন খামার, গল্লামারী, খুলনার বাউন্ডারি ওয়াল নির্মাণ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ২.৮ | **ফিশারীজ লাইভলিহুড এনহ্যান্সমেন্ট প্রজেক্ট ইন কোস্টাল এরিয়া অব দি বে অফ বেঙ্গল (জুলাই ২০২৩ হতে মে ২০২৭):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ১৫৫৬.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ১০২৩.৬৬ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৬৫.৭৯% এবং বাস্তব অগ্রগতি ৬৭%।<br><br>প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে কাজ বাস্তবায়ন করা হচ্ছে এবং ত্রৈমাসিক ভিত্তিতে লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে। দাতা সংস্থার সাথে সমন্বয় রেখে সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তিনি আরো জানান, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রেরিত প্রস্তাব অনুমোদনের জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যহত আছে। সভায় আরএডিপি শতভাগ বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** আরএডিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রেরিত প্রস্তাব অনুমোদনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |
| ২.৯ | **Aquatic Ecosystem Conservation and Management in the North-east and South-west Region of Bangladesh- USAID Ecosystem/ Protibesh (Dof Component) প্রকল্প (জানুয়ারি ২০২৫ হতে জুন ২০২৭):**<br><br>প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভায় সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধনসহ অন্যান্য কার্যাদি সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্তকরার জন্য সংশোধিত ডিপিপি দ্রুত প্রেরণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |
| ২.১০ | **মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীতব্য উন্নয়ন প্রকল্পসমূহের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প (২য় পর্যায়) (মে ২০২৫ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ২৪৯.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ৫৮.৫৬ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ২৩.৫২% এবং বাস্তব অগ্রগতি ৪৫%।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় গৃহীতব্য ৩টি প্রকল্পের সম্ভাব্যতা কার্যক্রম সম্পন্ন সম্পন্ন হয়েছে। এছাড়া আরো ২টি ফার্ম সিলেকশন সম্পন্ন হয়েছে এবং উক্ত ফার্মসমূহের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। এছাড়া ১টি প্রকল্পের ফার্ম সিলেকশনের জন্য আরএফপি মূল্যায়ন চলমান রয়েছে। সভায় সকল কার্যক্রম সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে সম্পন্নকরার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** আরএডিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। প্রকল্পের আওতায় গৃহীতব্য সকল সম্ভাব্যতা কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণপূর্বক ফার্ম সিলেকশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |
| ২.১১ | **ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়) (জুলাই ২০২৫ হতে জুন ২০২৮):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ১১২৫.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি২০২৬ পর্যন্ত ব্যয় ৫১.৬০ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৪.৫৯% এবং বাস্তব অগ্রগতি ৩৫%।<br><br>প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম চলমান। আরএডিপি শতভাগ বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রদর্শনী খাতে প্রাথমিকভাবে ১৩৫টি উপজেলায় ৫৪০টি প্রদর্শনী এবং প্রশিক্ষণ খাতে ১৩৫টি উপজেলায় ২৭০০ জন সুফলভোগীদের জন্য ১৩৫টি প্রশিক্ষণ বরাদ্দ দেয়া হয়েছে। এছাড়া গৃহস্থলী কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশিয় ছোট মাছ চাষ প্রদর্শনী বাস্তবায়নের জন্য ৮৩৫টি প্রদর্শনীর বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং ও পরিদর্শন করা হচ্ছে। সভায় value for money নিশ্চিত করে কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** আরএডিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। প্রদর্শনী এবং প্রশিক্ষণ কার্যক্রম value for money নিশ্চিত করে বাস্তবায়ন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ২.১২ | **জবই বিল ও পার্শ্ববর্তী এলাকার বিলসমূহে মৎস্যসম্পদ ব্যবস্থাপনা প্রকল্প (জুলাই ২০২৫ হতে জুন ২০২৯):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৩০০.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি২০২৬ পর্যন্ত ব্যয় শুন্য।<br>প্রকল্প পরিচালক জানান, আরএডিপি অনুযায়ী বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ২২৫.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। তিনি আরো জানান, মাঠ পর্যায়ে প্রশিক্ষণ/কর্মশালার বরাদ্দ প্রদান করা হয়েছে এবং আরএডিপি শতভাগ বাস্তবায়ন করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তিনি জানান, পোনামাছ অবমুক্তকরণ এবং জেলে কর্মসংস্থানের জন্য বকনা বাছুর বিতরণের টেন্ডার ই-জিপিতে দেয়া হয়েছে। সভায় ইনসেপশন ওয়ার্কশপ আয়োজন বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** আরএডিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। দ্রুত ইনসেপশন ওয়ার্কশপ আয়োজনের ব্যবস্থা করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |
| ২.১৩ | **মৎস্যচাষ ও মৎস্যখাতে আসিয়ান (ASEAN)-বাংলাদেশ সহযোগিতা প্রকল্প (২য় পর্যায়) (অক্টোবর ২০২৫ হতে জুন ২০২৭):**<br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি আরএডিপিতে অন্তর্ভুক্ত ছিলোনা বিধায় বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) হতে উপযোজনের মাধ্যমে ২৬৩.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রাপ্তির জন্য প্রেরিত প্রস্তাব অনুমোদনে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া প্রশিক্ষণ ও আন্তর্জাতিক কর্মশালা আয়োজনের জন্য কনসাল্টিং ফার্ম সিলেকশনের নিমিত্ত জারিকৃত EoI এর প্রেক্ষিতে প্রাপ্ত প্রস্তাবসমূহ মূল্যায়ন শেষে সংক্ষিপ্ত তালিকা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হয়েছে এবং গত ১২ মার্চ ২০২৬ RFP ইস্যু করা হয়েছে। তিনি জানান, চলতি অর্থবছরে জুন মাসে ১ ব্যাচ প্রশিক্ষণ এবং মে মাসে বাংলাদেশ এ ১টি আন্তর্জাতিক কর্মশালা আয়োজন করা হবে।<br><br>**সিদ্ধান্ত:** উপযোজনের প্রস্তাব অনুমোদনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। আরএডিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |
| ৩.০ | **নন-এডিপিভুক্ত প্রকল্পসমূহের আলোচনা ও সিদ্ধান্ত:** | |
| ৩.১ | **Livelihood Enhancement of the Small-scale Fish Farmers and Nutrition Security of Rural Masses in SAARC Region through Aquaculture Development (Aqua Livelihood Project) (২৫.০৭.২০২৫ হতে ২৫.০৭.২০২৮):**<br>সভায়, প্রকল্পের ফোকাল পয়েন্ট জানান, প্রকল্পটির অনুকূলে অদ্যাবধি কোন অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। তবে ব্যাংক একাউন্ট খোলাসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** অর্থ বরাদ্দ প্রাপ্তির জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |
| ৩.২ | **Sustainable Management of Fisheries and Marine Living Resources and their Habitats in the Bay of Bengal Region for the Benefit of Coastal States and Communities (BOBLME II):**<br>সভায় প্রকল্পটির ফোকাল পয়েন্ট জানান, প্রকল্পটির অনুকূলে কোন অর্থ সংশ্লেষ নেই। তিনি আরো জানান, প্রকল্পটি ৭টি দেশে বাস্তবায়িত হচ্ছে। সভায় প্রকল্পটির আওতায় IUU Fishing নিয়ন্ত্রণে ন্যাশনাল প্ল্যান অব একশন প্রণয়ন, বাস্তবায়ন প্রক্রিয়া এবং ব্যাংকক এ কর্মশালা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** নির্ধারিত কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |
| ৩.৩ | **Enabling Activities to Support the Ratification and Early Implementation of the Agreement under the United Nations Convention on the Law of the Sea (EA-BBNJ) in Bangladesh under the GEF (ফেব্রুয়ারি ২০২৬ হতে জানুয়ারি ২০২৭):**<br>সভায়, প্রকল্পের ফোকাল পয়েন্ট জানান, প্রকল্পটি এফএও এর অর্থায়নে বাস্তবায়িত হবে। এফএও এর সাথে এলওএ স্বাক্ষরের জন্য খসড়া প্রস্তুতপূর্বক জমা দেয়া হয়েছে এবং ব্যাংক একাউন্ট খোলা হয়েছে। এলওএ স্বাক্ষরের পর কার্যক্রম শুরু করা হবে।<br><br>**সিদ্ধান্ত:** এলওএ স্বাক্ষর কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |

| | | |
|---|---|---|
| ৩.৪ | Integrated ecosystem approach to fisheries management for sustainable Livelihoods and fisheries in the Haors of Moulvibazar (জুলাই ২০২৫ হতে জুন ২০২৭):<br>প্রকল্পটি এফএও এর অর্থায়নে বাস্তবায়িত হবে। প্রকল্পটি বাস্তবায়নে এফএও এবং মৎস্য অধিদপ্তরের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হবে। এলওএ স্বাক্ষরের পর কার্যক্রম শুরু করা হবে।<br><br>**সিদ্ধান্ত:** এলওএ স্বাক্ষর কার্যক্রম দ্রুত সম্পন্নের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |
| ৩.৫ | PRO-ACT Bangladesh; Resilience Strengthening through Agri-Food Systems Transformation in Cox's Bazar:<br>সভায়, প্রকল্পের বিকল্প ফোকাল পয়েন্ট জানান, প্রকল্পটির কার্যক্রম এখনো শুরু হয়নি। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সকল কার্যক্রম দ্রুত শুরু করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |
| ৪.০ | **বিবিধঃ** | |
| ৪.১ | সভাপতি সকল কর্মকর্তা/কর্মচারীদের সকাল ৯.০০ টার মধ্যে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ, বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে দিনের আলো ব্যবহার করা, কর্পোরেট মোবাইল নাম্বার ব্যবহার করা, জাতীয় মৎস্য পদক ২০২৬ এর আবেদন ৩১ মার্চের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণ, মন্ত্রণালয়ে বিনা অনুমতিতে প্রবেশ করা এবং শাখা প্রধানদের নিয়মিত ই-মেইল ও ডি-নথি চেক করার বিষয়ে আলোচনা করেন।<br>**সিদ্ধান্তঃ** সকল কর্মকর্তা/কর্মচারীদের সকাল ৯.০০ টার মধ্যে অফিসে উপস্থিত হতে হবে। বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। কর্পোরেট মোবাইল নাম্বার ব্যবহার চালু রাখতে হবে। জাতীয় মৎস্য পদক ২০২৬ এর আবেদন ৩১ মার্চের মধ্যে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ে বিনা অনুমতিতে প্রবেশ করা যাবেনা। শাখা প্রধানদের নিয়মিত ই-মেইল ও ডি-নথি চেক করতে হবে। | পরিচালক (সকল)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)/ সংশ্লিষ্ট সকল দপ্তর |

আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭-০৪-২০২৬
মোঃ জিয়া হায়দার চৌধুরী
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন : ০২-২২৩৩৮২৮৬১
ইমেইল : dg@fisheries.gov.bd

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৩.০২.০০০০.০০০.১১২.০১.০০১৬.১৭.১৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২। পরিচালক, (প্রশাসন/অভ্যন্তরীণ মৎস্য/ব্লু-ইকোনমি/বাজেট ও অর্থ/রিজার্ভ/সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম/সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট/মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার)/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ/মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), .......................।
৩। পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
৪। প্রকল্প পরিচালক (বাঁওড়), .........................................।
৫। উপপরিচালক (প্রশাসন/বাজেট ও অর্থ/মৎস্যচাষ/চিংড়ি/ফিল্ড সার্ভিস/পরিকল্পনা/অডিট/প্রশিক্ষণ/ব্লু-ইকোনমি/ইলিশ সম্পদ ব্যবস্থাপনা/বাস্তবায়ন/মৎস্যসম্পদ জরিপ/মৎস্যসম্পদ সংরক্ষণ/সেবা ও সরবরাহ/সম্প্রসারণ/রেসিডিউ মনিটরিং এন্ড এলার্ট রেসপন্স, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/ চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজার/মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর, লক্ষ্মীপুর)।
৬। উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা।
৭। কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা।
৮। প্রিন্সিপাল/অধ্যক্ষ, মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট, চাঁদপুর/ গোপালগঞ্জ/ কিশোরগঞ্জ/ সিরাজগঞ্জ/ মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর/ মৎস্য সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্র, ফরিদপুর।

৯। উপপরিচালক, ই-সার্ভিস এন্ড ইনোভেশন, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (নোটিশটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১০। প্রকল্প পরিচালক, ........................................................।


১১। ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট, ...........................................................................................................।

১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

১৩। সিনিয়র সহকারী পরিচালক, প্রশাসন-১/প্রশাসন-২/ডোসিয়ার/ সমন্বয় শাখা/পরিকল্পনা/প্রচার ও প্রকাশনা শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

১৪। উপপ্রধান, বাস্তবায়ন/সামুদ্রিক/ইলিশসম্পদ ব্যবস্থাপনা শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা এবং

১৫। মহাপরিচালকের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



০৮-০৪-২০২৬
সরকার আনোয়ারুল কবীর আহমেদ
উপপরিচালক